



বাংলাদেশ-ভারত সম্পর্কের জন্য অবিলম্বে শেখ হাসিনাকে দেশে ফিরাতে হবে: নাহিদ



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, বাংলাদেশে ভারতের ষড়যন্ত্র ও ফ্যাসিবাদের মোকাবিলা করতে এবং দেশের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে অবিলম্বে শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনা জরুরি।

শনিবার (২২ নভেম্বর) জাতীয় প্রেসক্লাবের সামনে গণমিছিল শেষে তিনি বলেন, ভারতের সহায়তায় দেশে ফ্যাসিবাদ প্রতিষ্ঠিত হয়েছে এবং শেখ হাসিনাকে আবারও তাদের দেশে জায়গা দিয়ে বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র চলছে। তিনি আশা প্রকাশ করেন, অন্তর্বর্তী সরকার দেশের নিরাপত্তা ও কূটনৈতিক কার্যক্রমের মাধ্যমে শেখ হাসিনাকে ফিরিয়ে আনবে।

নাহিদ আরও বলেন, আদালতের রায় দ্রুত কার্যকর করতে হবে, যাতে বাংলাদেশের মজলুম জনগণ ইনসাফ পায়। সমাবেশে এনসিপি তিনটি দাবি তুলে ধরে—শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনা, আওয়ামী লীগের বিচার নিশ্চিত করা এবং সহযোগী দলগুলোকে বিচারের আওতায় আনা।

এ সময় আখতার হোসেন ও নাসীরুদ্দীন পাটওয়ারীও বলেন, দেশের গণহত্যা ও ষড়যন্ত্র রুখতে এনসিপি মাঠে থাকবে এবং কাউকে বিচারে আপস করতে দেওয়া হবে না।